

ফেসবুকে ভুয়া নিয়োগ বিজ্ঞপ্তি, সতর্ক করলো বিমান

- A Monitor Desk Report

Date: 30 April, 2024



ঢাকা: ফেসবুকে পেজ ও গ্রুপ খুলে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সে ভুয়া নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে আসছিলেন হিমেল খান নামের এক ব্যক্তি। বিষয়টি বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃপক্ষের নজরে এসেছে। এই ভুয়া ফেসবুক পেজ, গ্রুপ ও ভুয়া নিয়োগের বিষয়ে বিমান বাংলাদেশ কোন সম্পর্ক নেই বলে জানিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স।

সোমবার (২৯ এপ্রিল) এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের মহাব্যবস্থাপক জনসংযোগ বিষয়টি জানান।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, বিভিন্ন গ্রুপের ভুয়া নিয়োগে 'পাসপোর্ট চেকার' পদ উল্লেখ করা হয়েছে। পাসপোর্ট চেকার নামে কোনো পদই বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের নেই।

এতে আরও বলা হয়েছে, সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া এধরনের কোনো নিয়োগ বিজ্ঞপ্তি বিমান বাংলাদেশ এয়ারলাইন্স প্রকাশ করেনি। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের নিয়োগ বিজ্ঞপ্তি বিমানের অফিসিয়াল ওয়েবসাইট (www.biman.gov.bd) এবং জাতীয় দৈনিকে প্রকাশ করা হয়ে থাকে। এ বিষয়ে বিভ্রান্ত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য, বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের নাম এবং লোগো কপিরাইট ও ট্রেডমার্ক নিবন্ধনকৃত। তাই অনুমতি ব্যতীত বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের নাম এবং লোগো ব্যবহার করা আইনত দণ্ডনীয় অপরাধ।

সামাজিক যোগাযোগ মাধ্যম এ বিদ্যমান বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের নামের কিছু ভুয়া ফেসবুক পেইজ ও গ্রুপ এর ছবি এখানে সর্বসাধারণের সচেতনতার জন্য দেওয়া হলো।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃপক্ষ ওই ভুয়া ফেসবুক পেজ ও গ্রুপের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

